## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



## www.dme.gov.bd

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০৪১.১৬.১৬১৬

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয: গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার বৈরাগীহাট বটতলা দাখিল মাদ্রাসায় "নিরাপত্তা কর্মী ও আয়া" পদে নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়ন

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-২৪(মাদ্রাসা-২) এর স্মারক নং-শিম/শাখা-২৪/বিবিধ-০-৮/২০০৮(অংশ/২৭৪),তারিখ:০৯.০৯.২০১৫খ্রি:।

(২) সুপার, বৈরাগীহাট বটতলা দাখিল মাদ্রাসা, গোবিন্দগঞ্জ উপজেলার গাইবান্ধা জেলা এর আবেদন, তারিখ:

২৫.০৮.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার বৈরাগীহাট বটতলা দাখিল মাদ্রাসার সুপার কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারক মূলে তাঁর মাদ্রাসায় "নিরাপত্তাকর্মী ও আয়া" পদে নিয়োগের নিমিত্ত মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি মনোনয়নের জন্য আবেদন করা হয়েছে।

০২. উপরিউক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (১) নং স্মারক মূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নির্দেশক্রমে নিয়র্পে মহাপরিচালক এর প্রতিনিধি মনোনয়ন করা হলো:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও<br>ঠিকানা   | নিয়োগের বিষয়/পদ                               | ডিজি মহোদয়ের প্রতিনিধি  |
|-----------|--|---|--|
| ٥٥.       | বৈরাগীহাট<br>বটতলা দাখিল মাদ্রাসা,<br>উপজেলা:গোবিন্দগঞ্জ।<br>জেলা: গাইবান্দা।<br>মোবাইল:<br>০১৭৫৯৩০২২১৮। | ানরাপতা কমা ও আয়া<br>(২০১৮ জনবল কাঠামো অনযায়ী | জনাব মোহাম্মদ শামসুজ্জামান উপ<br>পরিচালক(অর্থ)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা। মোবাইল<br>নং-০১৭১১০৫৬৮৭৬। |

০১.শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ)তারিখ:১১.১১.২০১৫ খ্রি:এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫খ্রি:এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২.কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩.শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি:তারিখে জারীকৃত জনবল /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ)এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেকপ্যাটার্নভুক্ত শুন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে।১৯ জুলাই,২০১৮খ্রি:তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪.শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি:তারিখে জারীকৃত জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ:১১ (১)এবং

পরিশিষ্ট ঘ"মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫.মহিলা কোটা পুরণের ক্ষেত্রে ১৯ জুলাই, ২০১৮ খ্রি:তারিখে জারীকৃত জনবল কাঠামোর অনুচ্ছেদ:৯ (নয়)এর গ"এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে)পুঙ্খানুপুঙ্খরুপে অনুসরণ করতে হবে।

০৬.প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৭.শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধিহিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮.১৯ জুলাই, ২০১৮ খ্রি:তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯.মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুজ্খানুপুজ্খরুপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০%বেতনভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে"শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন।

১২. এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত ডি.জি মহোদয় কর্তৃক মনোনিত উপরিউক্ত প্রতিনিধি বহাল থাকবেন। ডি.জি মহোদয় প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিনিধি মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন। উল্লেখ্য, মাদ্রাসার পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পুণরায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক পরিচালনা কমিটি,অধিভূক্তি,স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পুণরায় আবেদন করতে হবে।

56-50-2020

কে,এম, রুহল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ পরিচালক(অর্থ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০৪১.১৬.১৬১৬/১(৮)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, গাইবান্ধা
- ২) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

- ৩) উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা
- 8) উপ-পরিচালক (প্রশাসন),মাদরাসা শিক্ষা অধিদপ্তর (উক্ত আদেশের কপি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস,গাইবারা
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা
- ৭) সুপার, বৈরাগীহাট বটতলা দাখিল মাদ্রাসা, গোবিন্দগঞ্জ গাইবান্ধা
- ৮) অফিস কপি।

Territor Minn.

১৫-১০-২০২০ জান্নাতুন নাহার সহকারী পরিচালক